**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**30 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওড়িষ্যার ভূবনেশ্বরে পুলিশ সঞ্চালক প্রধান এবং পুলিশ মহাপরিদর্শকদের সর্বভারতীয় সম্মেলনে অংশগ্রহণ করবেন ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল তিনদিন ব্যাপী আয়োজিত এই সম্মেলনের উদ্বোধন করেন। সম্মেলনে আভ্যন্তরীন সুরক্ষা , সাইবার অপরাধ , মাওবাদীদের হুমকি , কৃত্রিম বুদ্ধিমত্তার প্রত্যাহ্বান , সন্ত্রাসবাদ প্রতিরোধ মূলক ব্যবস্থা ইত্যাদি সহ বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হচ্ছে ।এই সম্মেলনে রাষ্ট্রপতি পুলিশ সেবা পদক প্রদান করা হবে ।সম্মেলনে জাতীয় সুরক্ষার সঙ্গে জড়িত বিষয়গুলি নিয়ে আলোচনা করার উদ্দেশ্যে পুলিশের উচ্চ পদস্থ আধিকারীক ও নিরাপত্তা আধিকারীকরাও অংশগ্রহণ করছেন ।

---

ভারত বাংলাদেশকে সেদেশে বসবাসরত সংখ্যালঘুদের সুরক্ষায় উপযুক্ত সব ধরণের পদক্ষেপ গ্রহণ করার আহ্বান জানিয়েছে

।গতকাল নতুনদিল্লীতে বৈদেশিক মন্ত্রনালয়ের মুখপাত্র রণধীর জয়সাল বলেন যে বাংলাদেশে সংখ্যালঘুদের উপর আক্রমণের ঘটনায় ভারত উদ্বিগ্ন । তিনি বলেন যে বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারকেই সেদেশের সংখ্যালঘুদের নিরাপত্তার দায়িত্ব নিতে হবে ।ইস্কন একটি বিশ্বব্যাপী সংস্থা বলে উল্লেখ করে চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারের বিষয়ে আইনি প্রক্রিয়া অব্যাহত রয়েছে বলে তিনি জানান ।

---

রাজ্যে সম্প্রতি অনুষ্ঠিত বিধানসভার উপনির্বাচনে বিজয়ী পাঁচজন বিধায়ক গতকাল বিধানসভার নতুন ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শপথ গ্রহণ করেন । বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী , ধলাই আসন থেকে নিহাররঞ্জন দাস ,বঙাইগাও এর দিপ্তীময়ী চৌধুরী , বিহালীর দিগন্ত ঘাটোয়াল , সিদলীর নির্মল কুমার ব্রহ্ম ও সামগুরি আসন থেকে জয়ী হোয়া দিপ্লুরঞ্জন শর্মাকে শপথ বাক্য পাঠ করান ।শপথ গ্রহণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের দুটি পর্যটন প্রকল্পের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার প্রায় ২০০ কোটি টাকার তহবিলে অনুমোদন জানানোয় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।রাজ্য গুলোকে প্রদান করা বিশেষ সাহায্যের অধীনে কেন্দ্রীয় সরকার রংঘর এবং রাজ্য চিড়িয়াখানার উন্নয়নের জন্য এই তহবিলে অনুমোদন জানায় ।কেন্দ্রীয় সরকার আসাম রাজ্য চিড়িয়াখানা তথা

উদ্ভিদ উদ্যানের জন্য ৯৭ কোটি ১২ লক্ষ টাকা এবং শিবসাগর রংঘরের সৌন্দর্য বর্ধনের জন্য ৯৪ কোটি ৭৬ লক্ষ টাকার তহবিলে অনুমোদন জানিয়েছে ।রাজ্যের সর্বাঙ্গীন বিকাশ ও উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা এই পদক্ষেপের প্রতি মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ধন্যবাদ জ্ঞাপন করেন ।

---

আই আই টি গৌহাটীতে আজ থেকে তেসরা ডিসেম্বর পর্যন্ত চারদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে দশম বার্ষিক ভারত আর্ন্তজাতিক বিজ্ঞান মহোৎসব শুরু হচ্ছে ।কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের উদ্যোগে অনুষ্ঠেয় এই মহোৎসবে আগামী দোসরা ডিসেম্বরের অনুষ্ঠানে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার অধ্যক্ষ তথা বিশিষ্ট বিজ্ঞানী এস সোমনাথ ছাত্র ছাত্রীদের সংগে মত বিনিময় করবেন ।আনবিক শক্তি বিভাগ , ভারতীয় মহাকাশ বিজ্ঞান বিভাগ ও বিজ্ঞান ভারতীর সহযোগীতায় আয়োজন করা এই মহোৎসব বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা মন্ত্রনালয়ের স্বাধীনদায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী জীতেন্দ্র সিং উদ্বোধন করবেন ।উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা উপস্থিত থাকবেন । মহোৎসবে দেশের বিভিন্ন প্রান্তের ১০ হাজারের ও বেশী প্রতিনিধি অংশ গ্রহণ করবেন ।

---

আসাম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে আজ থেকে খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে অসমী সরস মেলা শুরু হচ্ছে ।এই মেলা আগামী ১৫ ই ডিসেম্বর পর্যন্ত চলবে । মেলা প্রতিদিন সকাল দশটা থেকে রাত ৯ টা পর্যন্ত চলবে । এই মেলায় রাজ্যের বিভিন্ন অঞ্চল সহ দেশের বিভিন্ন জনগোষ্ঠির হস্তশিল্প এবং পরম্পরাগত সামগ্রীর প্রদর্শন তথা ষ্টল থাকবে ।

---

শিলচর পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর-হাইলাকান্দি রোডের সি আর এভিনিউ পয়েন্ট থেকে শনি মন্দির পর্য্যন্ত অংশে বা দিকের লেন সাময়িকভাবে বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে সড়কের বাঁ দিকের অংশে চার মিটার কালভার্ট নির্মানের জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে আগামী তেসোরা ডিসেম্বর থেকে আগামী ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত সড়ক বন্ধ থাকবে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী তেসোরা থেকে ৫ই ডিসেম্বর পর্য্যন্ত স্বাস্থ্য সেবা উৎসব-৩ এর জন্য প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ আজ স্বাস্থ্য বিভাগের কার্য্যলয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে জেলার ২৬টি স্বাস্থ্য কেন্দ্রে স্বাস্থ্য সেবা উৎসব-৩ অনুষ্ঠিত হবে । এরমধ্যে একটি চা বাগান অঞ্চলের স্বাস্থ্য কেন্দ্র রয়েছে ।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের ডি পি এম মরুফ আলম বরভুইয়া , ডি এম ই মনিকা দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।